

কুয়েত রুটে সেবা উন্নয়নে বিমানের নতুন পদক্ষেপ

- A Monitor Desk Report

Date: 09 September, 2025



ঢাকাঃ কুয়েতপ্রবাসী বাংলাদেশিদের যাতায়াত আরও সহজ ও সাশ্রয়ী করতে নতুন উদ্যোগ নিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। এ পরিকল্পনার ফলে দীর্ঘদিন ধরে চলে আসা অভিযোগ ও ভোগান্তি কিছুটা হলেও কমবে বলে আশাবাদী প্রবাসীরা।

রবিবার (৭ সেপ্টেম্বর) সন্ধ্যায় বিমানের কুয়েত অফিসে বাংলাদেশ প্রেসক্লাব কুয়েতের সাংবাদিক নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে এসব তথ্য জানান সদ্য দায়িত্বপ্রাপ্ত কান্ডি ম্যানেজার এ কে এম ফরহাদ।

তিনি জানান, চট্টগ্রাম প্রবাসীদের দাবির পরিপ্রেক্ষিতে এখন মাত্র ৩ ঘণ্টার কানেকশনে কুয়েত থেকে সহজেই চট্টগ্রামে যাওয়া যাবে। যাত্রীসংখ্যা বাড়লে কুয়েত-চট্টগ্রাম সরাসরি ফ্লাইট চালুর পরিকল্পনাও রয়েছে। এছাড়া, বাজার পরিস্থিতি বিবেচনায় টিকিটমূল্য সহনীয় পর্যায়ে নামানো হয়েছে, যা বর্তমানে অন্য এয়ারলাইন্সের তুলনায় কম।

প্রবাসীদের জন্য চালু হয়েছে নতুন “গাল্ফ ক্লাস” সুবিধা। এতে যাত্রীরা সর্বনিম্ন ভাড়াই ২০ কেজি চেক-ইন ব্যাগেজ নিতে পারবেন।

প্রবাসীদের অন্যতম ভোগান্তি ব্যাগেজ সমস্যা সমাধানে বিমান এনেছে বিশেষ প্যাকেজ। এখন থেকে যাত্রীরা ৫ কেজি ১৫ কুয়েতি দিনার, ১০ কেজি ২০ কুয়েতি দিনার এবং ২৩ কেজি ৩৩ কুয়েতি দিনার খরচে অতিরিক্ত ব্যাগেজ নিতে পারবেন।

বয়স্ক, নারী, শিশু, শারীরিকভাবে অসুস্থ যাত্রী, হইলচেয়ার ব্যবহারকারী ও বিজনেস ক্লাস যাত্রীদের জন্য চালু হবে আলাদা কাউন্টার, যাতে তারা দ্রুত ও স্বাচ্ছন্দ্যে চেক-ইন করতে পারেন।

অনেক সময় একমুখী টিকিটের মূল্য দ্বিগুণ হয়ে যায়। এ বিষয়ে ফরহাদ বলেন, প্রবাসীদের জন্য ডাবল ট্রিপ টিকিট কেনাই সবচেয়ে সাশ্রয়ী, প্রয়োজনে তারিখ পরিবর্তন করা গেলেও নতুন টিকিট কেনার চেয়ে এটি লাভজনক।

একইসঙ্গে তিনি সতর্ক করে বলেন, টিকিট অবশ্যই অনুমোদিত ও লাইসেন্সধারী এজেন্সি থেকে কিনতে হবে। রিফান্ড ইস্যুতেও গ্রাহকের লিখিত আবেদন গ্রহণ করা হবে।

মতবিনিময় সভায় স্টেশন ম্যানেজার মোহাম্মদ শাহজাহান বিমানের সেবার ইতিবাচক দিকগুলো তুলে ধরেন।

এ সময় বাংলাদেশ প্রেসক্লাব কুয়েতের সভাপতি মঈন উদ্দিন সরকার সুমন, সাধারণ সম্পাদক আ. হ. জুবেদ ও প্রচার সম্পাদক মহসিন পারভেজ উপস্থিত ছিলেন।

-B